ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৭০

আমবাসা, ১৮ সেপ্টেম্বর, ২০২৬

**নির্বাচনী কাজে নিয়োজিত সরকারি কর্মীদের জন্য ইডিভি গ্রহণের সুবিধা কেন্দ্র স্থাপন**

ত্রিপুরা রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী ভিলেজ কমিটির নির্বাচনী কাজে নিয়োজিত সরকারি কর্মীদের জন্য ইলেকশন ডিউটি ভোট (EDV) প্রদানের উদ্দেশ্যে আমবাসা ব্লকে একটি ফ্যাসিলিটেশন সেন্টার স্থাপন করা হয়েছে।

আমাবসা ব্লকের রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে গত ১৫ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামী ২২ ও ২৩ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত আমবাসা ব্লক উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে স্থাপিত ফ্যাসিলিটেশন সেন্টারে ইডিভি গ্রহণের ব্যবস্থা থাকবে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আমবাসা ব্লকের অধীন যে কোনও ভিলেজ কমিটির নির্বাচনী দায়িত্বে নিয়োজিত সরকারি কর্মী, পুলিশ কর্মী, গার্ড, চালক, ক্লিনার সহ সংশ্লিষ্ট সরকারি কর্মীরা নির্ধারিত পদ্ধতিতে EDV-এর সুবিধা গ্রহণ করতে পারবেন।

যোগ্য ভোটারদের Form-15-এর মাধ্যমে আবেদন করতে হবে এবং এর সঙ্গে Election Duty Appointment/Deployment Order-এর কপি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের অন্তত তিনদিন আগে আবেদন জমা দেওয়ার জন্য বিঞ্জপ্তিতে বলা হয়েছে।

নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়ে উপস্থিত থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

********